

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি  
পল্লী ভবন (৬ষ্ঠ)  
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।


স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩.৩৯৩

তারিখঃ ০৫/০৯/২০১৯ খ্রিঃ

বিষয়ঃ কর্মসূচির মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণ আদায়ের ক্ষেত্রে অতিরিক্ত সেবামূল্য হিসাবভুক্তকরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিআরডিবি কর্তৃক বাস্তবায়িত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচির আওতায় সুফলভোগীদের ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম অনলাইন সফটওয়্যার এর মাধ্যমে পরিচালিত হচ্ছে। কারিগরি বা অন্য কোন ত্রুটির কারণে কখনও কখনও মেয়াদোত্তীর্ণ খেলাপী সমিতির ক্ষেত্রে মেয়াদোত্তীর্ণ বকেয়া ঋণের অতিরিক্ত সেবামূল্য (এক্সটা সার্ভিস চার্জ) অনলাইন সফটওয়্যার এর WCS এ প্রতিফলিত হয় না। ফলশ্রুতিতে কোন কোন উপজেলায় মেয়াদোত্তীর্ণ খেলাপী সমিতির অতিরিক্ত সেবামূল্য আদায় করা হয় না অথবা কোন কোন ক্ষেত্রে অতিরিক্ত সেবামূল্য সুফলভোগী হতে আদায় করে সংশ্লিষ্ট ব্যাংক হিসেবে জমা না দিয়ে আত্মসাৎ করার প্রবণতা লক্ষ্য করা যাচ্ছে।

এমতাবস্থায়, মেয়াদোত্তীর্ণ খেলাপী সমিতিতে নীতিমালা অনুযায়ী অতিরিক্ত সেবামূল্য ম্যানুয়ালী ধার্য করে তা যথাযথভাবে আদায় করে ব্যাংকে জমাপূর্বক সংশ্লিষ্ট রেজিস্টারে লিপিবদ্ধ করতে হবে। কোন কারণে আদায়কৃত অতিরিক্ত সেবামূল্য অনলাইন সফটওয়্যারে পোষ্টিং দেয়া না গেলে সে ক্ষেত্রে মিসসিলিনিয়াস একাউন্ট এ পোস্টিং দিতে হবে। মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণের অতিরিক্ত সেবামূল্য ধার্য করার ক্ষেত্রে অনাদায়ী ঋণের উপর মাসিক ভিত্তিতে সেবামূল্য ধার্য হবে এবং বিষয়টি সংশ্লিষ্ট উপজেলার সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরসপো) ও উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সমিতি পরিদর্শন কালে যাচাই করবেন। উপরোক্ত নির্দেশনার ব্যত্যয় ঘটিয়ে যথাযথভাবে অতিরিক্ত সেবামূল্য ধার্য করা না হলে/আদায় করা না হলে/ আদায়পূর্বক ব্যাংক হিসেবে জমা প্রদান না করে/সফটওয়্যারে পোষ্টিং না দিয়ে আত্মসাৎ করা হলে উপজেলার সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী দায়ী হবেন।

  
প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম  
প্রকল্প পরিচালক, ইরসপো  
বিআরডিবি, ঢাকা।

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড,

উপজেলাঃ-----, জেলাঃ-----। (কর্মসূচিভূক্ত সকল উপজেলা)।

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ-

১. মাঠ সংগঠক, ইরসপো, বিআরডিবি, উপজেলাঃ-----, জেলাঃ-----।
২. হিসাব সহকারী, ইরসপো, বিআরডিবি, উপজেলাঃ-----, জেলাঃ-----।
৩. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরসপো, বিআরডিবি, উপজেলাঃ-----, জেলাঃ-----।
৪. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৫. প্রোগ্রামার, ইরসপো, বিআরডিবি, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৬. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ-----।
৭. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৮. অফিস কপি/সংশ্লিষ্ট নথি/গার্ড ফাইল।